

File No. 37 /WBHRC/SMC/2018

Dated: 25. 05. 2018

Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika,' a Bengali daily dated 25.05.2018, the news item is captioned ' শহরের বুকে ফের গণধর্ষণ'

Deputy Commissioner of Police, Eastern Suburban Division is directed to enquire into the matter and to submit a report by  $6^{th}$ July, 2018.

(Justice Girish Chandra Gupta ) Chairperson

## শহরের ব্রেন্ড যেলর গণধর্মণ

## নিজস্ব সংবাদদাতা

ফের মহানগরে গণধর্ষণের অভিযোগ।
বুধবার গভীর রাতে পূর্ব কলকাতায়
শিয়ালদহ দক্ষিণ শাখার রেললাইনের
পাশে তিন যুবক মিলে এক মহিলাকে
ধর্ষণ করে বলে অভিযোগ। রেল
পুলিশ কিছু ক্ষণের মধ্যেই অভিযুক্ত
তিন জনকে গ্রেফতার করেছে। ধৃতদের
নাম রাপি মণ্ডল, সঞ্জীব সিংহ এবং
ইন্দুজিৎ পাত্র। তাদের বিরুদ্ধে আগেও
একাধিক দুদ্ধর্মের অভিযোগ রয়েছে।

পুলিশা জানিয়েছে, আভিয়োগকারিণী দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীর বাসিন্দা। তাঁর বোনপো পার্ক সাকাসের ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি রয়েছে। তাই তিনি রাতে হাসপাতালেই ছিলেন। বুধবার রাত ১টা নাগাদ প্রকৃতির ডাকে সাড়া দিতে তিনি পার্ক সাকাস এবং গুরুদাস হল্ট স্টেশনের মাঝে যান। সে সময়েই তিন জন যুবক তাঁকে রেললাইনের পাশে নিয়ে গিয়ে ধর্ষণ করে বলে অভিযোগ।

পুলিশ সূত্রের খবর, বুধবার রাত তিনটে নাগাদ শিয়ালদহ জিআরপি—তে ফোন করে শুরুদাস হল্ট স্টেশন সংলগ্ন এলাকার এক বাসিন্দা জানান, রেললাইনের পাশে কয়েক জন যুবক এক মহিলাকে ধর্ষণ করছে। পুলিশের একটি দল তখনই ঘটনাস্থলে গেলে মহিলা বা অভিযুক্তদের দেখতে পায়নি। কিন্তু বাসিন্দাদের কাছ খেকেই তিন জন যুবকের নাম মেলে। ধর্ষিতা মহিলাকে পুলিশের কাছে পাঠানো হয়েছে বলেও তাঁৱাই জানান।

পুলিশ জানিয়েছে, মহিলাও তাঁর দায়ের করা অভিযোগে অভিযুক্তদের নাম জানিয়েছেন। তাঁর দাবি, ধর্মণের সময়েই কথোপকথন থেকে তিনি ওদের নাম জানতে পারেন। বৃহস্পতিবার ভোরবেলা ওই যুবকদের পাকড়াও করা হয়। তাদের বাড়ি এন্টালির ক্রিস্টোফার রোডে। সকালে অভিযোগকারিণীকে 🏻 ্রনআরএস হাসপাতালে ডাক্তারি পরীক্ষার জন্য পাঠায় পুলিশ। জিআরপি জানায়, ধৃতদেরও ডাক্তারি প্রবীক্ষা করানো হবে। ঘটনার পুনর্নির্মাণও করা হবে। আদালতের কাছে মহিলার গোপন জরানবন্দি নথিভুক্ত করার আর্জি জানাবেন তদন্তকারীরা।

বিকেলে 'ধৃতদের শিয়ালদহ
আদালতে হাজির করানো হলে
আইনজীবী কাজী ইমরান হোসেন
দাবি করেন, তাঁর মক্কেলদের ফ্লাঁসানো
হয়েছে। সরকারি কোঁসলি উপস্থিত না
থাকায় তদন্তকারী অফিসারের আর্জি
শুনে বিচারক ইল্লনীল চক্ররতী তিন
জনকে চার দিনের পুলিশি হেফাজতে
রাখার নির্দেশ দেন।

তবে হাসপাতালে শৌচাগার থাকলেও গভীর রাতে মহিলা প্রায় দু'কিলোমিটার দুরে রেললাইনের পাশে গোলেন কেন, তা নিয়ে প্রশ্ন উঠেছে। কী ভাবে তিনি এতটা পথ এলেন তা-ও স্পষ্ট ভাবে জানাননি অভিযোগকারিণী। তদন্তকারীদের মতে, এ সব ধোঁরাশা কাটাতে মহিলার সঙ্গে বিশ্বদে কথা বলা প্রয়োজন। ঘটনার পুনর্নির্মানের সময়েও এর উত্তর মিলতে পারে।



■ বাপি মণ্ডল



🔳 ইন্দ্ৰজিৎ পাত্ৰ



🔳 সঞ্জীব সিংহ